# কোভিড ১৯ প্রেক্ষিতে ২০২২ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয় : গণিত

বিষয় কোড : ১০৯

## কোভিড ১৯ প্রেক্ষিতে ২০২২ সালের এস এস সি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয় : গণিত বিষয় কোড : ১০৯ পূর্ণমান : ১০০ তত্ত্বীয় নম্বর: ১০০ ব্যাবহারিক নম্বর: ০০

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| দ্বিতীয় অধ্যায়<br>সেট ও ফাংশন | ১. সেট ও উপসেটের ধারণা ব্যাখ্যা করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে।<br>২. সেট প্রকাশের পদ্ধতি বর্ণনা করতে পারবে।<br>৩. অসীম সেট ব্যাখ্যা করতে পারবে এবং সসীম ও অসীম সেটের পার্থক্য নিরূপণ করতে পারবে।<br>৪. সেটের সংযোগ ও ছেদ ব্যাখ্যা এবং যাচাই করতে পারবে।<br>৫. শক্তি সেট ব্যাখ্যা করতে এবং দুই ও তিন সদস্যবিশিষ্ট সেটের শক্তি সেট গঠন করতে পারবে।<br>৬. ক্রমজোড় ও কার্তেসীয় গুণজ ব্যাখ্যা করতে পারবে।<br>৭. উদাহরণ ও ভেনচিত্রের সাহায্যে সেট প্রক্রিয়ার সহজ বিধিগুলো প্রমাণ করতে পারবে এবং বিধিগুলো প্রয়োগ করে বিভিন্ন সমস্যা সমাধান করতে পারবে।<br>৮. অন্বয় ও ফাংশন ব্যাখ্যা করতে ও গঠন করতে পারবে।<br>৯. ডোমেন ও রেঞ্জ কী ব্যাখ্যা করতে পারবে।<br>১০. ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় করতে পারবে।<br>১১. ফাংশনের লেখচিত্র অঙ্কন করতে পারবে। | সেট ও উপসেট<br>• বাস্তব সংখ্যার সেট ও উপসেট<br>• ফাঁকা সেট ও সার্বিক সেট<br>• সেটের সমতা<br>সেট প্রকাশের পদ্ধতি (তালিকা ও সেট গঠন পদ্ধতি)<br>সসীম ও অসীম সেট | ০২ | ১ম - ২য় | |
| | | • সেটের সংযোগ, ছেদ, অন্তর ও পূরক সেট<br>• শক্তি সেট<br>• ক্রমজোড় ও কার্তেসীয় গুণজ | ০৩ | ৩য় - ৫ম | |
| | | সেটের বিধিসমূহ<br>• $(A \cup B)' = A' \cap B'$<br>• $(B \cap C)' = B' \cup C'$<br>• $(A \cup B) \cap C = (A \cap C) \cup (B \cap C)$<br>• $(A \cap B) \cup C = (A \cup C) \cap (B \cup C)$ | ০৩ | ৬ষ্ঠ - ৮ম | |
| | | অন্বয় ও ফাংশন<br>ডোমেন ও রেঞ্জ | ০২ | ৯ম - ১০ম | |
| | | ১। ফাংশনের লেখচিত্র | ০২ | ১১শ - ১২শ | |
| তৃতীয় অধ্যায়<br>বীজগাণিতিক রাশি | ১. বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘন রাশির সম্প্রসারণ করতে পারবে।<br>২. ভাগশেষ উপপাদ্য কী ব্যাখ্যা করতে পারবে এবং তা প্রয়োগ করে উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে। | ১। বীজগাণিতিক রাশি<br>• বর্গ সংবলিত সূত্রাবলি ও এর প্রয়োগ | ০২ | ১৩শ - ১৪শ | |
| | | • ঘন সংবলিত সূত্রাবলি ও এর প্রয়োগ | ০২ | ১৫শ - ১৬শ | |
| | | ১। উৎপাদকে বিশ্লেষণ | ০১ | ১৭শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ৩. বাস্তব সমস্যা সমাধানের জন্য বীজগাণিতিক সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে সমস্যা সমাধান করতে পারবে। | • মধ্যপদ বিভক্তিকরণ<br>• ঘন আকার | | | |
| | | ২। ভাগশেষ উপপাদ্য প্রয়োগ করে উৎপাদকে বিশ্লেষণ | ০২ | ১৮শ - ১৯শ | |
| | | • বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ | ০২ | ২০শ - ২১শ | |
| চতুর্থ অধ্যায়<br><br>সূচক ও লগারিদম | ১. মূলদ সূচক ব্যাখ্যা করতে পারবে।<br>২. ধনাত্মক পূর্ণ-সাংখ্যিক সূচক, শূন্য ও ঋনাত্মক পূর্ণ-সাংখ্যিক সূচক ব্যাখ্যা ও প্রয়োগ করতে পারবে।<br>৩. সূচকের নিয়মাবলী বর্ণনা ও তা প্রয়োগ করে সমস্যার সমাধান করতে পারবে।<br>৪. n-তম মূল ও মূলদ ভগ্নাংশসূচক ব্যাখ্যা করতে পারবে এবং n-তম মূলকে সূচক আকারে প্রকাশ করতে পারবে।<br>৫. লগারিদম ব্যাখ্যা করতে পারবে।<br>৬. লগারিদমের সূত্রাবলি প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>৭. সাধারণ লগারিদম ও স্বাভাবিক লগারিদম ব্যাখ্যা করতে পারবে।<br>৮. সংখ্যার বৈজ্ঞানিক রুপ ব্যাখ্যা করতে পারবে।<br>৯. সাধারণ লগারিদমের পূর্ণক ও অংশক ব্যাখ্যা করতে পারবে।<br>১০. ক্যালকুলেটরের সাহায্যে সাধারণ ও স্বাভাবিক লগারিদম নির্ণয় করতে পারবে। | • সূচক<br>• সূচকের সূত্রাবলি | ০১ | ২২শ | |
| | | • শূন্য ও ঋনাত্মক সূচক<br>• n-তম মূল | ০২ | ২৩শ - ২৪শ | |
| | | • লগারিদম<br>• লগারিদমের সূত্রাবলি | ০১ | ২৫শ | |
| | | • সংখ্যার বৈজ্ঞানিক বা আদর্শ রুপ<br>• লগারিদম পদ্ধতি | ০১ | ২৬শ | |
| | | • সাধারণ লগের পূর্ণক<br>• সাধারণ লগের অংশক | ০১ | ২৭শ | |
| সপ্তম অধ্যায়<br><br>ব্যবহারিক জ্যামিতি | ১. চিত্রের সাহায্যে ত্রিভুজ ও চতুর্ভুজ ব্যাখ্যা করতে পারবে।<br>২. প্রদত্ত উপাত্ত ব্যবহার করে ত্রিভুজ অঙ্কন করতে পারবে। | • বিভিন্ন প্রকার ত্রিভুজ ও চতুর্ভুজ<br>• ত্রিভুজ সংক্রান্ত সম্পাদ্য<br>• ত্রিভুজের ভূমি , ভূমি সংলগ্ন একটি কোণ ও অপর দুই বাহুর সমষ্টি দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে। | ০৩ | ২৮শ - ৩০শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ৩. প্রদত্ত উপাত্ত ব্যবহার করে চতুর্ভুজ , সামান্তরিক, ট্রাপিজিয়াম অঙ্কন করতে পারবে। | ● ত্রিভুজের ভূমি , ভূমি সংলগ্ন একটি সূক্ষ্মকোণ ও অপর দুই বাহুর অন্তর দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে।<br>● ত্রিভুজের ভূমি সংলগ্ন দুইটি কোণ ও পরিসীমা দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে। | | | |
| | | ১। সামান্তরিক সংক্রান্ত সম্পাদ্য<br>● সামান্তরিকের দুইটি কর্ণ ও তাদের অন্তর্ভূক্ত কোণ দেওয়া আছে, সামান্তরিকটি আঁকতে হবে।<br>● সামান্তরিকের দুইটি কর্ণ ও একটি বাহু দেওয়া আছে, সামান্তরিকটি আঁকতে হবে।<br>২। ট্রাপিজিয়াম সংক্রান্ত সম্পাদ্য<br>● ট্রাপিজিয়ামের দুইটি সমান্তরাল বাহু এবং এদের মধ্যে বৃহত্তর বাহু সংলগ্ন দুইটি কোণ দেওয়া আছে, ট্রাপিজিয়ামটি আঁকতে হবে। | ০৩ | ৩১শ - ৩৩শ | |
| অষ্টম অধ্যায়<br><br>বৃত্ত | ১. বৃত্তচাপ, কেন্দ্রস্থ কোণ, বৃত্তস্থ কোণ, বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ ব্যাখ্যা করতে পারবে।<br>২. বৃত্ত সংক্রান্ত উপপাদ্য প্রমাণ করতে পারবে।<br>৩. বৃত্ত সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধানে উপপাদ্যগুলো প্রয়োগ করতে পারবে।<br>৪. বৃত্ত সম্পর্কিত সম্পাদ্য বর্ণনা করতে পারবে। | বৃত্ত, বৃত্তচাপ, বৃত্ত সম্পর্কিত উপপাদ্য<br>● বৃত্তের কেন্দ্র ও ব্যাস ভিন্ন কোনো জ্যা এর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ ঐ জ্যা এর উপর লম্ব।<br>● বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী।<br>● বৃত্তের কেন্দ্র থেকে সমদূরবর্তী সকল জ্যা পরস্পর সমান। | ০২ | ৩৪শ - ৩৫শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | বৃত্তস্থ কোণ, কেন্দ্রস্থ কোণ<br>● বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।<br>● বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান।<br>● অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। | ০২ | ৩৬শ - ৩৭শ | |
| | | বৃত্তস্থ চতুর্ভুজ<br>● বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যে কোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি দুই সমকোণ।<br>● কোনো চতুর্ভুজের দুইটি বিপরীত কোণ সম্পূরক হলে তার শীর্ষবিন্দু চারটি সমবৃত্ত হয়। | ০৩ | ৩৮শ - ৪০শ | |
| | | বৃত্তের ছেদক ও স্পর্শক<br>● বৃত্তের যে কোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।<br>● বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তে দুইটি স্পর্শক টানলে, ঐ বিন্দু থেকে স্পর্শ বিন্দুদ্বয়ের দূরত্ব সমান ।<br>● দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয় ও স্পর্শবিন্দু সমরেখ হবে। | ০৩ | ৪১শ - ৪৩শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | বৃত্ত সম্পর্কিত সম্পাদ্য<br>● একটি বৃত্ত বা বৃত্তচাপ দেওয়া আছে, কেন্দ্র নির্ণয় করতে হবে।<br>● বৃত্তের কোনো বিন্দুতে একটি স্পর্শক আঁকতে হবে।<br>● বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তটির স্পর্শক আঁকতে হবে।<br>● কোনো নির্দিষ্ট ত্রিভুজের পরিবৃত্ত আঁকতে হবে।<br>● কোনো নির্দিষ্ট ত্রিভুজের অন্তর্বৃত্ত আঁকতে হবে।<br>● কোনো নির্দিষ্ট ত্রিভুজের বহির্বৃত্ত আঁকতে হবে। | ০৩ | ৪৪শ - ৪৬শ | |
| নবম অধ্যায়<br><br>ত্রিকোণোমিতিক অনুপাত | ১. সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত বর্ণনা করতে পারবে।<br>২. সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ণয় করতে পারবে।<br>৩. সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর ধ্রুবতা যাচাই করে প্রমাণ ও গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে।<br>৪. ত্রিকোণমিতিক অভেদাবলি প্রমাণ করতে পারবে।<br>৫. জ্যামিতিক পদ্ধতিতে $30^0$, $45^0$, $60^0$ কোণের ত্রিকোণমিতিক অনুপাতের মান নির্ণয় ও প্রয়োগ করতে পারবে।<br>৬. $0^0$ ও $90^0$ কোণের অর্থপূর্ণ কোণমিতিক অনুপাতগুলোর মান নির্ণয় করে প্রয়োগ করতে পারবে।<br>৭. ত্রিকোণমিতিক অভেদাবলির প্রয়োগ করতে পারবে। | ● সমকোণী ত্রিভুজের বাহুগুলোর নামকরণ<br>● সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত ও এদের<br>● সম্পর্ক | ০২ | ৪৭শ - ৪৮শ | |
| | | ● সদৃশ সমকোণী ত্রিভুজের বাহুগুলোর<br>● অনুপাতসমুহের<br>● ধ্রুবতা<br>● ত্রিকোণমিতিক অভেদাবলি | ০৩ | ৪৯তম - ৫১তম | |
| | | ● $30^0$ ,$45^0$, $60^0$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত | ০৩ | ৫২তম - ৫৪তম | |
| | | ● পূরক কোণের ত্রিকোণমিতিক অনুপাত<br>● $0^0$ ও $90^0$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত | ০১ | ৫৫তম | |
| | | ● ত্রিকোণমিতিক অভেদাবলির প্রয়োগ | ০৩ | ৫৬তম - ৫৮তম | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ত্রয়োদশ অধ্যায়<br><br>সসীম ধারা | ১. অনুক্রম ও ধারা বর্ণনা করতে ও এদের পার্থক্য নিরুপন করতে পারবে।<br>২. সমান্তর ধারা ব্যাখ্যা করতে পারবে।<br>৩. সমান্তর ধারার নির্দিষ্টতম পদ ও নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি নির্ণয়ের সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যার সমাধান করতে পারবে।<br>৪. স্বাভাবিক সংখ্যার বর্গের ও ঘনের সমষ্টি নির্ণয় করতে পারবে।<br>৫. ধারার বিভিন্ন সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যার সমাধান করতে পারবে।<br>৬. গুণোত্তর ধারার নির্দিষ্টতম পদ ও নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি নির্ণয়ের সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যার সমাধান করতে পারবে। | অনুক্রম ও ধারা | ০১ | ৫৯তম | |
| | | সমান্তর ধারা<br>● নির্দিষ্টতম পদ<br>● নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি | ০৪ | ৬০তম - ৬৩তম | |
| | | সসীম স্বাভাবিক সংখ্যার সমষ্টি<br>● বিশেষ সংখ্যার সমষ্টি<br>● জোড় সংখ্যার সমষ্টি<br>● বর্গের সমষ্টি<br>● ঘনের সমষ্টি | ০৩ | ৬৪তম - ৬৬তম | |
| | | গুণোত্তর ধারা<br>● নির্দিষ্টতম পদ<br>● নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি | ০৪ | ৬৭তম - ৭০তম | |
| ষোড়শ অধ্যায়<br><br>পরিমিতি | ১. ত্রিভুজক্ষেত্র ও চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সূত্র প্রয়োগ করে বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় এবং এতদসম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে।<br>২. বৃত্তের পরিধি ও বৃত্তাংশের দৈর্ঘ্য নির্ণয় করতে পারবে।<br>৩. বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় করতে পারবে।<br>৪. বৃত্তক্ষেত্র ও তার অংশবিশেষের ক্ষেত্রফল নির্ণয় করে এতদ সম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে।<br>৫. আয়তাকার ঘনবস্তু , ঘনক ও বেলনের ক্ষেত্রফল পরিমাপ করতে পারবে এবং এ সম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে।<br>৬. সুষম ও যৌগিক ঘনবস্তুর পৃষ্টতলের ক্ষেত্রফল পরিমাপ করতে পারবে। | ক্ষেত্রফল নির্ণয়<br>● ত্রিভুজক্ষেত্র, আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র, রম্বসক্ষেত্র, সামান্তরিকক্ষেত্র, ট্রাপিজিয়ামক্ষেত্র ও বহুভুজক্ষেত্র | ০৬ | ৭১তম - ৭৬তম | |
| | | বৃত্ত সংক্রান্ত পরিমাপ<br>● বৃত্তের পরিধি ও বৃত্তাংশের দৈর্ঘ্য, বৃত্তক্ষেত্র ও তার অংশবিশেষের ক্ষেত্রফল | ০৩ | ৭৭তম - ৭৯তম | |
| | | বিভিন্ন ঘনবস্তুর আয়তন<br>● আয়তাকার ঘনবস্তু , ঘনক ও বেলন | ০৫ | ৮০তম - ৮৪তম | |
| | | সুষম ও অসম আকারের বহুভুজক্ষেত্র | ০৬ | ৮৫তম-৯০তম | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সপ্তদশ অধ্যায়<br><br>পরিসংখ্যান | ১. ক্রমযোজিত গণসংখ্যা, গণসংখ্যা বহুভুজ ও অজিভ রেখা ব্যাখ্যা করতে পারবে।<br>২. গণসংখ্যা বহুভুজ ও অজিভ রেখার সাহায্যে উপাত্ত ব্যাখ্যা করতে পারবে।<br>৩. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে।<br>৪. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপে সংক্ষিপ্ত পদ্ধতির প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।<br>৫. সংক্ষিপ্ত পদ্ধতির সাহায্যে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় করতে পারবে।<br>৬. গণসংখ্যা বহুভুজ ও অজিভ রেখা লেখচিত্রের ব্যাখ্যা করতে পারবে। | কেন্দ্রীয় প্রবণতা<br>● কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ<br>● কেন্দ্রীয় প্রবণতার পরিমাপে সক্ষিপ্ত পদ্ধতির প্রয়োজনীয়তা | ০২ | ৯১তম - ৯২তম | |
| | | ● সংক্ষিপ্ত পদ্ধতির সাহায্যে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় | ০৪ | ৯৩তম - ৯৬তম | |
| | | ● উপাত্তের উপস্থাপন, চলক, ক্রমযোজিত গণসংখ্যা,<br>● বিভিন্ন ধরণের তথ্য বিশ্লেষণ , লেখচিত্রে উপস্থাপন ও ব্যাখ্যা | ০২ | ৯৭তম - ৯৮তম | |
| | | ● গণসংখ্যা বহুভুজ ও অজিভ রেখা অঙ্কন | ০২ | ৯৯তম - ১০০তম | |
| | | **সর্বমোট** | **১০০** | | |

**মান বন্টন: প্রশ্নপত্রের ধারা ও মান বন্টন অপরিবর্তিত থাকবে।**